



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২২


১৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ আনোয়ার হোসেন-কে স্বপদে বহাল প্রসঙ্গে

সূত্র: (১) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৪.০১৬০.০০০.১৬.০১১.২৩-৭৮৯; তারিখ: ০৫.০৯.২০২৩
(২) মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২১৫; তারিখ: ০৩.১০.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন পোলেরহাট আলহাজ্ব আজহারীয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ মাহবুবুর রহমান হাওলাদার ও কতিপয় ম্যানেজিং কমিটির সদস্য কর্তৃক লাঞ্চিত হওয়ার প্রতিকার চেয়ে সুপার জনাব মোঃ আনোয়ার হোসেন উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট বরাবর অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট ০৫/০৯/২০২৩ তারিখে ম্যানেজিং কমিটির সদস্য, প্রতিষ্ঠানের শিক্ষক ও ঘটনার সময়ে উপস্থিত কতিপয় প্রত্যক্ষদর্শীদের উপস্থিতিতে শুনানী করে সূত্রোক্ত ০১ নং স্মারকে জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট বরাবর প্রতিবেদন দাখিল করেন। জেলা প্রশাসক, বাগেরহাট তা অত্র বোর্ডে প্রেরণ করেন। দেখা যায়, প্রতিষ্ঠানের অফিস কক্ষে ম্যানেজিং কমিটির সভাপতি ও ম্যানেজিং কমিটির সদস্যদের উপস্থিতিতে সুপারকে শারীরিকভাবে আঘাত ও লাঞ্চিত করার ঘটনায় কমিটির সভাপতিসহ কতিপয় সদস্যদের ইকোন প্রমাণিত হয়। এই কমিটি দ্বারা প্রতিষ্ঠান পরিচালনার উপযুক্ততা আর না থাকায় বিদ্যমান কমিটি বিলুপ্তির জন্য তদন্তকারী কর্মকর্তা সুপারিশ করেন। তদন্তকারী কর্মকর্তার সুপারিশের প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০২ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙে দেয়া হয়। পরবর্তীতে ম্যানেজিং কমিটি বাতিলের বিষয়টি বুঝতে পেরে বাতিলকৃত ম্যানেজিং কমিটির সভাপতি মিথ্যা হয়রানির উদ্দেশ্যে পিছনের ১২.০৯.২০২৩ তারিখে স্বাক্ষরিত পত্রে সাময়িক বরখাস্ত করেন মর্মে সুপার আবেদনে উল্লেখ করেন যা বেসরকারী মাদ্রাসা শিক্ষকদের চাকুরীর শর্তাবলী প্রবিধানমালা, ১৯৭৯ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান ৪১(২)(ঘ) এর পরিপন্থী।

এমতাবস্থায়, সুপার জনাব মোঃ আনোয়ার হোসেন এর বরখাস্ত প্রক্রিয়া বেসরকারী মাদ্রাসা শিক্ষকদের চাকুরীর শর্তাবলী প্রবিধানমালা, ১৯৭৯ এর ১৪ (১) ও (২) এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান ৪১(২)(ঘ) মোতাবেক সঠিক না হওয়ায় পত্র জারির পর থেকে তিনি স্বপদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।



০৪-১২-২০২৩

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার (02-9612858

)
registrar@bmeb.gov.bd

সুপার, পোলেরহাট আলহাজ্ব আজহারীয়া দাখিল মাদ্রাসা, মোড়েলগঞ্জ, বাগেরহাট।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২২/১(৭)

১৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
- ৩। একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
- ৪। সহকারী পরিদর্শক, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, বাগেরহাট;
- ৫। ম্যানেজার, সোনালী/রুপালী/জনতা ব্যাংক লিমিটেড, শাখা, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
- ৬। পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৭। অফিস কপি।



০৪-১২-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার